রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৭, ২০১৭

## ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২০ আশ্বিন ১৪২৪/০৫ অক্টোবর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.০৮.১৬১.১৬-৩৫৮—নৌবাহিনী সদর দপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন পরিচালক জনাব হাবিবুর রহমান (পরিচিতি নম্বর ০২১)-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ১১ অক্টোবর ১৯৫৮ হওয়ায় আগামী ১০ অক্টোবর ২০১৭ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সে অনুসারে আগামী ১১ অক্টোবর ২০১৭ তারিখে তিনি চাকরি থেকে অবসরোত্তর ছুটিতে গমন করবেন।**

২। '১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা' অনুযায়ী পরিচালক জনাব হাবিবুর রহমান ০২ বছর ০৬ মাস ০৪ দিন গড়বেতনে ও ০২ বছর ০৯ মাস ১১ দিন অর্ধগড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড়বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (০২ বছর ০৬ মাস ০৪ দিন + ০১ বছর ৪-১/২ মাস ৫-১/২ দিন) মোট ৩ (তিন) বছর ১০ (দশ) মাস ২৪-১/২ দিন গড়বেতনে তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায় 'The Public Servants (Retirement) (Amendment) Act, 2010'-এর অনুচ্ছেদ-৩ এবং 'Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011'-এর অনুচ্ছেদ-২ অনুসারে নৌবাহিনী সদর দপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন পরিচালক জনাব হাবিবুর রহমান (পরিচিতি নম্বর ০২১)-কে ১০ অক্টোবর ২০১৭ তারিখ থেকে অবসর প্রদান করা হলো এবং ১১ অক্টোবর ২০১৭ থেকে ১০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর গড়বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১৮ (আঠারো) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

৪। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ০৭ কার্তিক ১৪২৪/২২ অক্টোবর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০১২.৯৫-৩৮৬—**প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৫ অক্টোবর ২০১৭ তারিখের ২৩.০০.০০০০.১৮০.০৮.১৬১.১৬-৩৫৮ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নৌবাহিনীর সদর দপ্তরের বেসামরিক কর্মচারী পরিদপ্তরের পরিচালক জনাব হাবিবুর রহমান (পরিচিতি নম্বর ০২১)-এর অনুকূলে ১১ অক্টোবর ২০১৭ থেকে ১০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর গড়বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হয়। সে অনুসারে তিনি ১১ অক্টোবর ২০১৭ তারিখ থেকে অবসর-উত্তর ছুটি (পিআরএল)-তে গমন করেছেন।

২। জনাব হাবিবুর রহমান-কে তার অবসর-উত্তর ছুটি বাতিলের শর্তে ১১ অক্টোবর ২০১৭ অথবা যোগদানের তারিখ থেকে পরবর্তী ১ (এক) বছর মেয়াদে নৌবাহিনী সদর দপ্তরের বেসামরিক কর্মচারী পরিদপ্তরের পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়েছে এবং এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ১৬ অক্টোবর ২০১৭ তারিখ ০৫.০০.০০০০.১৪৬.০০.০৪৪.১৭-৩৬৩ সংখ্যক প্রজ্ঞাপন জারি করা হয়।

৩। এ অবস্থায় জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারীকৃত প্রজ্ঞাপনের শর্তানুযায়ী জনাব হাবিবুর রহমান (পরিচিতি নম্বর ০২১)-কে নৌবাহিনী সদর দপ্তরের বেসামরিক কর্মচারী পরিদপ্তরের পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের লক্ষ্যে তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত ১১ অক্টোবর ২০১৭ থেকে ১০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর অবসরোত্তর ছুটি এতদ্দারা বাতিল করা হলো।

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪/২৯ অক্টোবর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.০৫২.০৭-৩৯৮**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত ৬ (ছয়) জন উপ-সহকারী পরিচালক-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত সহকারী পরিচালক পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী নবম গ্রেডের ২২০০০-৫৩০৬০ টাকা বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও পরিচিতি নম্বর |
|---|---|
| (১) | জনাব এস এম নূরুল ইসলাম, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৩৪) |
| (২) | জনাব মোঃ শফিকুল ইসলাম, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৩৫) |
| (৩) | জনাব মোঃ সিরাজুল ইসলাম খান, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৩৬) |
| (৪) | জনাব মোঃ ইস্রাফিল মিনা, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৩৯) |
| (৫) | জনাব মোঃ আফজাল হোসেন, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৪০) |
| (৬) | জনাব মোঃ আব্দুস সাত্তার, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০৪২) |

**শর্তাবলি :**

(ক) 'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর ৬(১)(খ) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল অনধিক ২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে প্রত্যাবর্তন করতে পারবে;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে উল্লিখিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

তারিখ : ১৮ কার্তিক ১৪২৪/২ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.০২.১৩৬.১৫-৪০৩**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে চাকরিকালীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উপপরিচালক জনাব মোঃ ইনামুল কবীর (পরিচিতি নম্বর ০৯৫) গত ১৮ আগস্ট ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন। প্রচলিত বিধি অনুযায়ী মরহুমের সকল সরকারি পাওনা পরিশোধের জন্য তাঁর স্ত্রী নার্গিস কবীর আবেদন করেছেন।

২। প্রচলিত ছুটি বিধিমালা অনুযায়ী তাঁর মৃত্যুর তারিখ ১৮ আগস্ট ২০১৭ পর্যন্ত উক্ত কর্মকর্তা ২ বছর ৮ দিন গড়বেতনে ও ২ বছর ৬ মাস ২৬ দিন অর্ধগড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড়বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (২ বছর ৮ দিন + ১ বছর ৩ মাস ১৩ দিন)= মোট ৩ (তিন) বছর ৩ (তিন) মাস ২১ (একুশ) দিন গড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন।

৩। এ অবস্থায়, মরহুমের স্ত্রীর আবেদন অনুযায়ী অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়ের ২১ সেপ্টেম্বর ১৯৮৫ তারিখের অম/অবি/প্রবি-২/ছুটি-১৬/৮৪/১৯৩ সংখ্যক সরকারি আদেশ অনুসারে তাঁর মৃত্যুর তারিখ ১৮ আগস্ট ২০১৭-কে অবসর গ্রহণের তারিখ ধরে তাঁর অভোগকৃত ছুটি নগদায়নের লক্ষ্যে অনধিক ১৮ (আঠারো) মাসের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁর উত্তরাধিকারী হিসাবে মনোনীত তাঁর স্ত্রী নার্গিস কবীরের অনুকূলে এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ কার্তিক ১৪২৪/০১ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৪৭.১৭-৪৬১**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মচারীকে বিমান বাহিনী এ্যাক্ট রুল-১৯৫৭ এর ২৪(১) বিধি অনুযায়ী চাকরির বয়সসীমা (Retiring age) শেষে ৭ নং কলামে বর্ণিত তারিখ থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হল :

| ক্রঃ নং | কর্মচারীর নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা (Retiring age) | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | গ্রুপ ক্যাপ্টেন আবু হেনা মোহাম্মদ আমিরুল আহসান (বিডি/৮৩১৩), শিক্ষা। | ২৫ নভেম্বর ১৯৬১ | ০২ জুলাই ১৯৮৯ | ২৪ নভেম্বর ২০১৭ | ১৮ নভেম্বর ২০১৮ | ১৯ নভেম্বর ২০১৮ | ৫৬ বছর | ৯৬৭ দিন | ৩৬০ দিন |

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ২১ কার্তিক ১৪২৪/০৫ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৩৩.১০-৪৬৪**—বাংলাদেশ বিমান বাহিনীর উইং কমান্ডার মোঃ আব্দুল গাফফার, পিএসসি, (বিডি/৮৪৯৫)-কে বিমান বাহিনী এ্যাক্ট রুল ২৪(৯) অনুযায়ী অবসর প্রদান করা হল।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০০১.১৭(অংশ)/৪৬৯**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২ এ (১) (এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| (১) | কমডোর মোঃ কুতুব উদ্দীন বখতিয়ার, (ই), এনইউপি, পিএসসি, বিএন (পি নং ৩৮০)। | বিকাল ৩০-১২-২০১৭ | সকাল ৩১-১২-২০১৭ |
| (২) | কমডোর মোঃ আবিদুর রহমান, (এনডি), বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৩৯৭)। | বিকাল ২৫-১২-২০১৭ | সকাল ২৬-১২-২০১৭ |
| (৩) | কমান্ডার আ, স, ম, মনোয়ারুল ইসলাম, (এনডি), পিএসসি, বিএন (পি নং ৬৭১)। | বিকাল ৩১-১২-২০১৭ | সকাল ০১-০১-২০১৮ |
| (৪) | ক্যাপ্টেন মোঃ শহীদুল ইসলাম, (সি), বিসিজিএম, বিসিজিএমএস, পিএসসি, বিএন (পি নং ৫০৩)। | বিকাল ৩০-১২-২০১৭ | সকাল ৩১-১২-২০১৭ |

২। জেএসআই মোতাবেক উল্লিখিত কর্মকর্তাগণ প্রত্যেকেই ১২ মাস এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০২ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং প্রম/বাঃঅ-১/২০১০/ডি-৬(অংশ)/৪৭৪**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার ফরহাদ সরকার (জি), পিপিএম, বিএন (পি নং-১৫৫০)-কে নৌ অধ্যাদেশ ১৯৬১, ধারা ১৭ (১) ও নৌ প্রবিধান ০৮০১ (ডি) অনুযায়ী প্রশাসনিক আদেশে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে বাধ্যতামূলক অবসর (এলপিআর ব্যতীত) প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.৩৬.০০৪.১৭.৪৮০**—বাংলাদেশ নৌবাহিনীর স্পেশাল ডিউটি (এসডি) লিস্টভুক্ত নিম্নবর্ণিত ১(এক) জন কর্মকর্তার চাকরি নেভী রুল-১২(এ)(১)(এ) অনুযায়ী বিশেষ বিবেচনায় তাঁর নামের পাশে উল্লিখিত মেয়াদে ২(দুই) বৎসর অর্থাৎ ৫৪ বৎসর সয়সসীমা পর্যন্ত বর্ধিত করা হলো :

| ক্রঃ নং | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ (৫৪ বৎসর পর্যন্ত) |
|---|---|---|
| (১) | লেঃ মোঃ নুরুন্নবী, (এসডি) (জি), বিএন (পি নং ১৮৪৮) | ১২ নভেম্বর ২০১৭ থেকে ১১ নভেম্বর ২০১৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৩ কার্তিক ১৪২৪/০৭ নভেম্বর ২০১৭

নং ২৩.০০.০০০০.১৮০.১২.২০৪.১৭-৪০৮—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সহকারী লাইব্রেরিয়ান জনাব মোঃ সালাহ উদ্দিন (ব্যক্তিগত নম্বর ১৫০০১)-কে সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের সাংগঠনিক কাঠামোভুক্ত সহকারী পরিচালক (লাইব্রেরি) এর ১(এক) টি শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী নবম গ্রেডের ২২০০০-৫৩০৬০ টাকা বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো।

শর্তাবলি :

(ক) 'Armed Forces Headquarters Civilian Officers Recruitment Rules, 1982'-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মচারী যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসাবে থাকবেন।। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল অনধিক ২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবেন;

(খ) শিক্ষানবিকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকুরী স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.১৮০.০২.১৩৬.১৫-৪০৯—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে চাকরিকালীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উপ-পরিচালক ড. মোঃ আওলাদ হোসেন (পরিচিতি নম্বর ০৬৫) গত ১৯ আগস্ট ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন। প্রচলিত বিধি অনুযায়ী মরহুমের সকল সরকারি পাওনা পরিশোধের জন্য তাঁর স্ত্রী মাসুদা সুলতানা আবেদন করেছেন।

২। প্রচলিত ছুটি বিধিমালা অনুযায়ী তাঁর মৃত্যুর তারিখ ১৯ আগস্ট ২০১৭ পর্যন্ত উক্ত কর্মকর্তা ১ বছর ৬ মাস ১৩ দিন গড়বেতনে ও ১ বছর ৩ মাস ১৮ দিন অর্ধগড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড়বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (১ বছর ৬ মাস ১৩ দিন + ৭ মাস ২৪ দিন) মোট ২ (দুই) বছর ২ (দুই) মাস ৭ (সাত) দিন গড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন।

৩। এ অবস্থায়, মরহুমের স্ত্রীর আবেদন অনুযায়ী অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ১৯৮৫ তারিখের অম/অবি/প্রবি-২/ছুটি-১৬/৮৪/১৯৩ সংখ্যক সরকারি আদেশ অনুসারে তাঁর মৃত্যুর তারিখ ১৯ আগস্ট ২০১৭-কে অবসর গ্রহণের তারিখ ধরে তাঁর অভোগকৃত ছুটি নগদায়নের লক্ষ্যে অনধিক ১৮ (আঠারো) মাসের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ অর্থ তাঁর উত্তরাধিকারী হিসাবে মনোনীত তাঁর স্ত্রী মাসুদা সুলতানার অনুকূলে এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

২৫ কার্তিক ১৪২৪/৯ নভেম্বর ২০১৭

নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৭.১৫-৪১৪—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৪৭৮ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আবু তাহের, এনডিসি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্স্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮সি, ২৫৩(সি(ii), ২৫৭, ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্স্) ২৬২(৪), এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাশন্স) ১৬৮(এ), অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্মসচিব।

---

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৩.০০.০০০০.০৬০.১১.০০৪.১৩-৪৮৪—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ নৌবাহিনীর নিম্ন সংগঠনের নিম্নবর্ণিত ২ (দুই) জন যথাক্রমে ৯ম ও ১০ গ্রেডের বেসামরিক কর্মচারীর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে তাঁদেরকে চাকরিতে স্থায়ী করা হলো :

| ক্রমিক নম্বর | নাম ও ব্যক্তিগত নম্বর | পদবি ও গ্রেড | চাকরিতে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মনিরুজ্জামান (পি নং-০৩৪২) | সহকারী আর্মামেন্ট সাপ্লাই অফিসার (গ্রেড-৯ম) | ০১-১০-২০১৪ | ০১-১০-২০১৪ |
| (২) | জনাব মোঃ আবুল কালাম আজাদ (পি নং-০৩৫৮) | সুপারিনটেনডেন্ট (গ্রেড-১০ম) | ৩০-০৯-২০১৪ | ৩০-০৯-২০১৪ |

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/১৬ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.৩৬.০০৪.১৭-৪৯৫—বাংলাদেশ নৌবাহিনীর স্পেশাল ডিউটি (এসডি) লিস্টভুক্ত নিম্নবর্ণিত ১ (এক) জন কর্মকর্তার চাকরি নেভী রুল-১২(এ)(১)(এ) অনুযায়ী বিশেষ বিবেচনায় তাঁর নামের পাশে উল্লিখিত মেয়াদে ২ (দুই) বৎসর অর্থাৎ ৫৪ বৎসর বসয়সীমা পর্যন্ত বর্ধিত করা হলো :**

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ (৫৪ বৎসর পর্যন্ত) |
|---|---|---|
| (১) | লেঃ মোহম্মদ মাহ্‌বুবুর রহমান, (এসডি) (আর), বিএন (পি নং ১৮৯৩) | ১ জানুয়ারি ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৪/১৬ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০১০.৬২.০১১.১৭-৫০৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ) গ্রাজুয়েট কোর্স (২য় কোর্স)-এর নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ১৬ জন ক্যাডেটকে (পুরুষ-১৪ জন এবং মহিলা ২ জন) সেকেন্ড লেফটেন্যান্ট পদে তাঁদের নামের পার্শ্বে ৪র্থ কলামে বর্ণিত কোরে ২১ জুন ২০১৭ তারিখ থেকে নিয়মিত কমিশন প্রদান করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবি ও নাম | কোর/রেজিমেন্ট | কমিশনের তারিখ | প্রশিক্ষণকাল | পশ্চাৎপ্রবীণতার তারিখ |
| (১) | বিএ-৯৬৯৫ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Abdullah-Al-Faysal Hridoy<br>আব্দুল্লাহ-আল-ফয়সাল হৃদয় | সিগন্যালস্ | ২১ জুন ২০১৭ | ২০ জুলাই ২০১৬<br>থেকে<br>২১ জুন ২০১৭ | ২০ জুন ২০১৭<br>থেকে<br>১ জুন ২০১৭ |
| (২) | বিএ-৯৬৯৬ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Shariful Islam<br>শরিফুল ইসলাম | এএসসি | | | |
| (৩) | বিএ-৯৬৯৭ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Mehedi Pias Joy<br>মোঃ মেহেদী পিয়াস জয় | ইনফ্যান্ট্রি | | | |
| (৪) | বিএ-৯৬৯৮ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Sohel Hossain<br>মোঃ সোহেল হোসেন | ইনফ্যান্ট্রি | | | |
| (৫) | বিএ-৯৬৯৯ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Rezwanul Hoque<br>মোঃ রেজোআনুল হক | আর্টিলারি | | | |
| (৬) | বিএ-৯৭০০ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Fahim Adnan Akil<br>মোঃ ফাহিম আদনান আকিল | এসি | | | |
| (৭) | বিএ-৯৭০১ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md.Mustafizur Rahman<br>মোঃ মুস্তাফিজুর রহমান | ইনফ্যান্ট্রি | | | |
| (৮) | বিএ-৯৭০২ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Jakaria Yusuf Khan<br>মোঃ জাকারিয়া ইউসুফ খান | ইএমই | | | |
| (৯) | বিএ-৯৭০৩ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Asifur Rahman<br>আসিফুর রহমান | ইনফ্যান্ট্রি | | | |
| (১০) | বিএ-৯৭০৪ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Harunur Rashid<br>মোঃ হারুনুর রশিদ | ইনফ্যান্ট্রি | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবি ও নাম | কোর/রেজিমেন্ট | কমিশনের তারিখ | প্রশিক্ষণকাল | পশ্চাৎপ্রবীণতার তারিখ |
| (১১) | বিএ-৯৭০৫ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Resat Shahrear<br>রিসাত শাহরিয়ার | ইএমই | ২১ জুন ২০১৭ | ২০ জুলাই ২০১৬ থেকে ২১ জুন ২০১৭ | ২০ জুন ২০১৭ থেকে ১ জুন ২০১৭ |
| (১২) | বিএ-৯৭০৬ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Rifat Rahman Khan<br>রিফাত রহমান খান | ইঞ্জিনিয়ার্স | | | |
| (১৩) | বিএ-৯৭০৭ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Md. Fazle Mahfuz<br>মোঃ ফজলে মাহফুজ | অর্ডন্যান্স | | | |
| (১৪) | বিএ-৯৭০৮ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Aklima Akter<br>আকলিমা আক্তার | অর্ডন্যান্স | | | |
| (১৫) | বিএ-৯৭০৯ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Mahedy Hasan Salim<br>মেহেদী হাসান সেলিম | এএসসি | | | |
| (১৬) | বিএ-৯৭১০ | সেকেন্ড লেফটেন্যান্ট<br>Mst. Tunjira Sultana Ullash<br>মোছাঃ তুনজিরা সুলতানা উল্লাস | আর্টিলারি | | | |

২। উল্লেখ্য, উক্ত কর্মকর্তাগণকে ২০ জুন ২০১৭ থেকে ০১ জুন ২০১৭ তারিখ পর্যন্ত পশ্চাৎপ্রবীণতা প্রদান করা হলো। এ পশ্চাৎপ্রবীণতা তাঁদের জ্যেষ্ঠতা ও পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হবে; তবে তাঁরা কোনরূপ পশ্চাৎ বেতন-ভাতা প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ আশরাফ আলী ফারুক**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ অগ্রহায়ণ ১৪২৪/১৬ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৪০.১২.৩০৩.১৭.২৯৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ৩০ অক্টোবর ২০১৭ তারিখের ৮০.০১০৩.০১২.০০.০০.০১৪.২০১৭-২৬৪ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিম্নোক্ত হিসাবরক্ষককে তাঁর নামের বিপরীতে বর্ণিত পদে এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে নির্দেশক্রমে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | জ্যেষ্ঠত্ব নম্বর | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|
| ১ | ১ | জনাব তারিকুল হাসান<br>হিসাবরক্ষক | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>টাকা ১৬০০০—৩৮৬৪০, গ্রেড-১০ |

২। সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তা পদোন্নতির তারিখ থেকে ১(এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরও ১(এক) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিশকালে চাকুরী সন্তোষজনক বিবেচিত হলে এবং শিক্ষানবিশকাল সমাপ্তির পর গৃহীত পরীক্ষায় কৃতকার্য হলে পদোন্নতিপ্রাপ্ত পদে তাঁর চাকুরী স্থায়ী করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
উপসচিব।

## সংশোধিত প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২ অগ্রহায়ণ ১৪২৪/১৬ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.৫৯.০৬৫.১৭-৪১৯**—সেনাসদরের পত্র নম্বর ২৩.০১.৯০১.০৩৭.০৩.০৯৭.২১.০৩.১০.১৬ তারিখ ৩ অক্টোবর ২০১৬-এর প্রস্তাব অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর ৬৪তম মেডিকেল কোর (এএমসি)-এর ডাইরেক্ট শর্ট সার্ভিস কমিশন (ডিএসএসসি) কর্মকর্তাগণের ক্যাপ্টেন পদে কমিশন প্রদান, ব্যক্তিগত আর্মি নম্বর ও জ্যেষ্ঠতার পশ্চাৎ তারিখ প্রদানের বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০ নভেম্বর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.১৮০.৫৯.০৫০.১৪-৩৮৬ সংখ্যক জারীকৃত প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর ৩০ ও ৫৯-এ উল্লিখিত ২(দুই) জন কর্মকর্তার নামের (৩ নম্বর কলামে বর্ণিত) বানান নিম্নরূপভাবে (শুধুমাত্র নামের বানান) সংশোধন করা হলো :

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর | পূর্বে প্রকাশিত নাম | সঠিক নাম |
| ৬৪তম ডিএসএসসি (এএমসি) | | |
| ৩০ | BSS-101813 Capt Muhammad Abdullahil Mamun, AMC<br>বিএসএস-১০১৮১৩ ক্যাপ্টেন মুহাম্মদ আবদুল্লাহিল মামুন, এএমসি | BSS-101813 Capt Muhammad Abdullahil Mamun, AMC<br>বিএসএস-১০১৮১৩ ক্যাপ্টেন মুহাম্মদ আব্দুল্লাহিল মামুন, এএমসি |
| ৫৯ | BSS-101842 Capt Tahmina Akter Sharmin, AMC<br>বিএসএস-১০১৮৪২ ক্যাপ্টেন তাহ্‌মিনা আকতার শারমীন, এএমসি | BSS-101842 Capt Tahmina Akter Sharmin, AMC<br>বিএসএস-১০১৮৪২ ক্যাপ্টেন তাহ্‌মিনা আক্তার শারমিন, এএমসি |

তারিখ : ৬ অগ্রহায়ণ ১৪২৪/২০ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৯.১৫-৪২৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৯.১৫-৩২৫ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর ২৮ ও ২৯-এ উল্লিখিত ২(দুই) জন কর্মকর্তার সর্বোচ্চ বয়সসীমা ভুল থাকায় তা নিম্নরূপভাবে সংশোধন করা হলো :

**জন্য :**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | বিএ নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | চাকরির সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ২৮ | বিএ-৩৭৬৮ কর্নেল মোঃ মনিরুল হক | ০১-০১-১৯৬৪ | ৫৩ | ৩১-১২-২০১৭ (অপরাহ্ণ) |
| ২৯ | বিএ-৩৭৭০ কর্নেল মোঃ মোস্তাফিজুর রহমান চৌধুরী | ৩১-১২-১৯৬৩ | ৫৩ | ৩০-১২-২০১৭ (অপরাহ্ণ) |

**পড়ুন :**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | বিএ নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | চাকরির সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ২৮ | বিএ-৩৭৬৮ কর্নেল মোঃ মনিরুল হক | ০১-০১-১৯৬৪ | ৫৪ | ৩১-১২-২০১৭ (অপরাহ্ণ) |
| ২৯ | বিএ-৩৭৭০ কর্নেল মোঃ মোস্তাফিজুর রহমান চৌধুরী | ৩১-১২-১৯৬৩ | ৫৪ | ৩০-১২-২০১৭ (অপরাহ্ণ) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ অগ্রহায়ণ ১৪২৪/২০ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৮.১৫-৪২৬**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৬০৬ মেজর মোঃ আমিরুল ইসলাম, অর্ডন্যান্স-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্‌স্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স্ (ইনস্ট্রাকশন্স্) ১৬৮(বি) এবং কমপেডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(কে) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ অগ্রহায়ণ ১৪২৪/২০ নভেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৩৩.১০.৪৭৯**—বাংলাদেশ বিমান বাহিনী এ্যাক্ট রুল ২৪(৭) অনুযায়ী এয়ার কমডোর মোঃ আনোয়ারুল হক সরদার, ওএসপি, এনডিসি, এফএডব্লিউসি, পিএসসি (বিডি/৭৪০৮), জিডি(পি)-এর অবসর গ্রহণের তারিখ ২৯ ডিসেম্বর ২০১৭ এর পরিবর্তে জনস্বার্থে ৬(ছয়) মাস অর্থাৎ ২৯ জুন ২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।